

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ তাবুক যুদ্ধ - নবম হিজরীর রজব মাসে (غــزوة تبــوك في رجب سنة ٩هـ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

রোমকদের সঙ্গে যুদ্ধ প্রস্তুতির ঘোষণা (الْإُعْلَانُ بِالتَّهِيْؤُ لِقِتَالِ الرُّوْمَانِ):

রোমকদের সঙ্গে যুদ্ধে লিপ্ত হওয়ার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে রাসূলুল্লাহ (ﷺ) উত্তম যুদ্ধ প্রস্তুতি গ্রহণের জন্য সাহাবীগণকে নির্দেশ প্রদান করেন। তাছাড়া, মক্কার বিভিন্ন গোত্র এবং অধিবাসীদের নিকট সংবাদ প্রেরণ করেন যুদ্ধের উদ্দেশ্যে যাত্রা করার জন্য। এ সব ব্যাপারে রাসূলুল্লাহ (ﷺ) এর একটা নীতি ছিল তিনি যখনই কোন যুদ্ধে লিপ্ত হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করতেন তখন যুদ্ধের ব্যাপারে গোপনীয়তা অবলম্বন করতেন। কিন্তু প্রতিকূল পরিস্থিতি এবং প্রকট অভাব অনটনের কারণে এবার তিনি সুস্পষ্টভাবে ঘোষণা করে দিলেন যে, রুমীগণের যুদ্ধে লিপ্ত হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এর পিছনে উদ্দেশ্য ছিল যোদ্ধাগণ যেন উত্তম প্রস্তুতি সহকারে যুদ্ধ যাত্রা করেন। যুদ্ধের জন্য তিনি সাহাবীগণকে প্রবলভাবে উৎসাহিত করতে থাকেন। এ সময়েই যুদ্ধের জন্য উদ্ধুদ্ধ করার ব্যাপারেই সূরাহ তাওবার একটি অংশ অবতীর্ণ হয়। সঙ্গে সঙ্গে সাদকা খয়রাত করার ফ্যীলত বর্ণনা করা হয় এবং আল্লাহর পথে আপন আপন উত্তম সম্পদ ব্যয় করার জন্য উদ্ধৃদ্ধ করা হয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6425

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন